# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, পটুয়াখালী।
ফোনঃ ০২-৪৭৮৮৩৫৫৫৪

**Office of the Executive Engineer**
Patuakhali WD. Division,
BWDB, Patuakhali.
Phone: 02-478835554
E-mail : xen.patuakhali@gmail.com

স্মারক নং-১ই-১৯/৭৫৬ তারিখ: ১৯/০৮/২০২৬খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভূক্তি /নবায়ন বিজ্ঞপ্তির মেয়াদ বর্ধিত করণ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখ: ২০/০৭/২০২০খ্রি. মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারীদের নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে এবং ইতিপূর্বে তালিকাভুক্ত ঠিকাদারের মধ্যে যারা ২০২৬-২০২৭ অর্থ বছরের ঠিকাদার তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন করতে ইচ্ছুক তাদেরকে তালিকাভুক্ত লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হলো। ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের আবেদন গ্রহণ/বিক্রয় করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির (কার্য-ক্রয় ও পণ্য) আবেদনের তফসিল ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | ঃ | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | ঃ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | ঃ | পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী । |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ঃ | (১) ২০২৬-২০২৭ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স, (২) ভ্যাট সার্টিফিকেট, (৩) টিআইএন (আয়কর) সার্টিফিকেট (৪) কার্য ক্রয়ে ২৫.০০ লক্ষ টাকা এবং পন্য সরবরাহের ক্ষেত্রে ৫.০০ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণীর (মুল কপি) (প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট থাকতে হবে), (৫) জাতীয় পরিচয় পত্র, (৬) পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি (৮) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা, (৯) প্রতিষ্ঠানের জনবলের তালিকা (১০) অথরাইজেশন লেটার (ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/-(তিনশত) টাকার ষ্ট্যাম্পে অঙ্গিকারনামা নোটারী থাকতে হবে (মুল কপি)। |
| ৫। | আবেদন ফরম ফি | ঃ | আবেদন ফরম ফি বাবদ- ৫০০/- (পাঁচ শত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর বরাবরে। |
| ৬। | তালিকাভূক্তিকরণ ফি | ঃ | নতুন নিবন্ধন ফি বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে জমা দিতে হবে। এছাড়াও সরকার নির্ধারিত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকা এ-চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের কপি দাখিল করতে হবে।<br>**উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ এর বিধি ৬৮(৩) (ঙ) মোতাবেক একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী নারী হলে নিবন্ধন ফি বাবদ ৩০০০.০০০ (তিন হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে জমা দিতে হবে। এছাড়াও সরকার নির্ধারিত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা এ-চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের কপি দাখিল করতে হবে।** |

**ঠিকাদার তালিকাভূক্তি (কার্য-ক্রয়) নবায়নের তফসিল ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | ঃ | ১। আবেদন পত্র, ২। ২০২৬-২০২৭ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং ৩। ভ্যাট সার্টিফিকেট (নতুন ভ্যাট নাম্বারসহ) ও টিআইএন (আয়কর) সার্টিফিকেট। |
| ২। | নবায়ন ফি | ঃ | নবায়ন ফি বাবদ ২,০০০/-(দুই হাজার) টাকা এবং সরকার নির্ধারিত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/-(তিনশত) টাকা এ-চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের কপি দাখিল করতে হবে।<br>একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী নারী হলে নবায়ন ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) এবং সরকার নির্ধারিত মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা। |

**আবেদনপত্র গ্রহণ ও দাখিলের তফসিলঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনপত্র গ্রহণের তারিখ | ঃ | ০৩-০৯-২০২৬ খ্রিঃ, সকাল ১২:০০ ঘটিকা থেকে ঃ (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |
| ২। | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ০৩-০৯-২০২৬খ্রিঃ, বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ঃ (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |
| ৩। | আবেদনপত্র প্রাপ্তির স্থান | ঃ | উচ্চমান সহকারী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। |
| ৪। | আবেদনপত্র দাখিলের স্থান | ঃ | উচ্চমান সহকারী, নির্বহী প্রকৌশলীর দপ্তর, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। |

(ক) উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান। তালিকাভূক্তি মানেই কাজ প্রদানের নিশ্চয়তা নয়।

(খ) সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশ গ্রহনের জন্য অবশ্যই ই-জিপিতে নিবন্ধিত হতে হবে।

১৯/০৮/২৬

(এমরান হোসেন)
নির্বাহী প্রকৌশলী
পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পটুয়াখালী।

**স্মারক নং-১ই-১৯/ ৯৫৬/১(১৪)** **তারিখ: ১৯/০৮/২০২৬খ্রিঃ।**

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, গ্রীণ রোড, ঢাকা।
৪। **পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীণরোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় এবং পটুয়াখালী জেলার একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।**
৫। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৬। জেলা প্রশাসক, পটুয়াখালী।
৭। **সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীণরোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**
৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, পটুয়াখালী/গলাচিপা/বাউফল পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
৯। হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, পটুয়াখালী।
১০। সহকারী প্রকৌশলী, পটুয়াখালী পৌরসভা, পটুয়াখালী ও সদস্য তালিকাভুক্তিকরণের মূল্যায়ন কমিটি।
১১। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
১২। উচ্চমান সহকারী/উঃ হিসাব সহকারী, অত্র দপ্তর।
১৩। নোটিশ বোর্ড।
১৪। অফিস কপি।

১৯/০৮/২৬
নির্বাহী প্রকৌশলী
পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পটুয়াখালী।